দৈনিক ইত্তেফাক

তারিখ APR 10 2000
পৃষ্ঠা ৭ কলাম ৬

১৩২ জন ছাত্রীর অভিভাবকদের স্মারকলিপি

# এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিন

ইত্তেফাক রিপোর্ট ॥ মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ-এর মানবিক বিভাগের ১৩২ জন এইচএসসি পরীক্ষার্থী ও অভিভাবকরা গতকাল (রবিবার) পরীক্ষা দেওয়ার সুযোগ প্রদানের দাবীতে নগরীতে একটি বিক্ষোভ মিছিল (১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষায়

(শেষ পৃঃ পর)

বাহির করে। তাহারা মিছিলসহকারে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মুখে যায়। অভিভাবকদের পক্ষ হইতে শিক্ষামন্ত্রীর নিকট একটি স্মারকলিপি প্রদান করা হয়। উক্ত স্মারকলিপিতে অসহায় ছাত্রীদের ভবিষ্যৎ জীবন চিন্তা করিয়া মানবকি কারণে বিশেষ ব্যবস্থায় পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশ প্রদানের অনুরোধ জানানো হয়। অভিভাবকদের পক্ষে ফয়েজ উল্লাহ ভুঁইয়া ও আবুল খায়ের মিয়া শিক্ষামন্ত্রীর দফতরে তাহার সহিত সাক্ষাৎ করিয়া এই স্মারকলিপি প্রদান করেন। তাহারা মন্ত্রীকে একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করিয়া কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানান।

এদিকে মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ -এর ১৩২ জন এইচএসসি পরীক্ষার্থীর ব্যাপারে উদ্ভূত পরিস্থিতি নিয়া অধ্যক্ষ এএমএম তালিবুর রহমান গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন, সাবেক অধ্যক্ষের ভুলের কারণেই এই বিপর্যয় ঘটিয়া গিয়াছে। আমরা ভুল স্বীকার করিয়াছি। আমরা চাই বিষয়টিকে মানবিক দৃষ্টিকোণ হইতে বিবেচনা করিয়া এবং ছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা করিয়া তাহাদের পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হউক। তিনি বোর্ড কর্তৃপক্ষকে বিশেষ ব্যবস্থায় ছাত্রীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার অনুরোধ জানান।

কোর্ট রিপোর্টার জানান, মতিঝিল মডেল হাইস্কুল ও কলেজের বিবদমান ঘটনার প্রেক্ষিতে গতকাল সিএমএম কোর্টে একটি প্রতারণার পিটিশন মামলা দায়ের করা হইয়াছে। ম্যাজিষ্ট্রেট শহীদুল ইসলাম মামলাটি আমলে নিয়া বাদী প্রিন্সিপ্যাল এএমএম তালিবুর রহমানের জবানবন্দি রেকর্ড করেন এবং বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেন।